



স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০১২.৩৯.০০২.২২/ ২৫২

তারিখ: ২৫ জুন ২০২২

অফিস আদেশ

‘২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক- ৬বি সাউথ এবং ১০’ শীর্ষক প্রকল্পের আওতায় ২ডি সাইসমিক সার্ভে কার্যক্রম পরিচালনার নিমিত্ত আন্তর্জাতিক দরপত্র আহবানের মাধ্যমে ডাটা একুইজিশন সিস্টেমের জন্য হার্ডওয়্যার-সফটওয়্যার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয়ের লক্ষ্যে কারিগরি বিনির্দেশ (Technical Specification), IFT ও Tender Document প্রস্তুতকরণের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো:

কমিটি:

- | | |
|---|-------------|
| ১. জনাব মোঃ শফিকুল ইসলাম, উপমহাব্যবস্থাপক (ইলেক্ট্রনিক্স), ভূপদার্থিক বিভাগ | -আহবায়ক |
| ২. জনাব এস এম মেহেবুবুর রহমান, ব্যবস্থাপক (প্রশাসন), বৈদেশিক ক্রয় উপবিভাগ | -সদস্য |
| ৩. জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, ব্যবস্থাপক (ইলেক্ট্রনিক্স), ভূপদার্থিক বিভাগ | -সদস্য |
| ৪. জনাব মোহাম্মদ মোজাম্মেল হক, ব্যবস্থাপক (হিসাব ও অর্থ), হিসাব ও অর্থ বিভাগ | -সদস্য |
| ৫. জনাব গোলাম মাহমুদ উল আফতাব, উপব্যবস্থাপক (ইলেক্ট্রনিক্স), ভূপদার্থিক বিভাগ | -সদস্য |
| ৬. জনাব মোঃ মমিনুল ইসলাম, সহকারী ব্যবস্থাপক (ইলেক্ট্রনিক্স), ভূপদার্থিক বিভাগ | -সদস্য সচিব |

কমিটির করণীয়:

- (ক) কমিটি ‘২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক- ৬বি সাউথ এবং ১০’ শীর্ষক প্রকল্পের ডিপিপিআর আলোকে ডাটা একুইজিশন সিস্টেমের জন্য হার্ডওয়্যার-সফটওয়্যার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয়ের জন্য প্রস্তুতকারী কোম্পানির কি ধরনের অভিজ্ঞতা থাকা প্রয়োজন তা নির্ধারণ করবে এবং ডাটা একুইজিশন সিস্টেমের জন্য হার্ডওয়্যার-সফটওয়্যার ও আনুষঙ্গিক যন্ত্রপাতির কারিগরি বিনির্দেশ (Technical Specification) প্রস্তুত করবে।
- (খ) কমিটি ডাটা একুইজিশন সিস্টেমের জন্য হার্ডওয়্যার-সফটওয়্যার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয়ের জন্য দরপত্র আহবানের লক্ষ্যে IFT ও টেন্ডার ডকুমেন্ট প্রস্তুত করবে।
- (গ) কমিটি উপর্যুক্ত কার্যাবলী সম্পন্নকরত: সুপারিশ সম্বলিত প্রতিবেদন যথাশীঘ্রসম্ভব ব্যবস্থাপনা পরিচালক বরাবরে দাখিল করবে এবং দাখিলকৃত প্রতিবেদনের অগ্রায়ন পত্রের অনুলিপি মহাব্যবস্থাপক (প্রশাসন) বরাবরে প্রেরণ করবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৫-০৬-২০২২
(মোহাম্মদ আবুল বশর)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ:

১. কমিটির আহবায়ক/সদস্য সচিব/সদস্য জনাব বাপেক্স, ঢাকা।

অনুলিপি:

১. মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক বাপেক্স, ঢাকা।
২. উপমহাব্যবস্থাপক (আইসিটি ও এমআইএস), পরিকল্পনা ও আইসিটি বিভাগ (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ সহকারে)।
৩. ব্যবস্থাপক (সমন্বয়) টু ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, ঢাকা।
৪. অফিস কপি।